ABSTRACT/PREFACE

বাংলা উপন্যাসে আদিবাসী জীবনের অনুসন্ধান করতে গিয়ে প্রথমেই যে প্রশ্নটা সামনে আসে, তা হল আদিবাসী কারা? দেখা যায়, নৃতাত্ত্বিক, ভাষাতাত্ত্বিক, সমাজতাত্ত্বিকদের নির্দিষ্ট করা অবয়বগত ও ভাষাবংশগত লক্ষণ, ভৌগোলিক ও আর্থ-সামাজিক অবস্থা, নিজস্ব প্রথা ও ধর্মীয় বিশ্বাসের প্রেক্ষিতে এই আদিবাসী ধারণা গড়ে উঠেছে। এই বৈশিষ্ট্যসম্পন্ন জনগোষ্ঠীই ভারতের আদিবাসী। ব্রিটিশযুগে হিন্দু-মুসলমান থেকে স্বতন্ত্র সম্প্রদায় হিসেবে চিহ্নিতকরণের প্রক্রিয়া শেষ পর্যন্ত স্বাধীন ভারত রাষ্ট্র কর্তৃক নির্দিষ্ট যে তালিকায় শেষ হয়, সেই তালিকাভুক্ত সম্প্রদায়ই রাষ্ট্র স্বীকৃত আদিবাসী। দীর্ঘদিন মূলস্রোতের সাহিত্যচর্চার বাইরে থাকা এদের জীবন এক অনালোকিত অথচ সম্ভাবনাময় অধ্যায়। স্বাধীনতা পরবর্তী সময়পর্ব থেকেই বাংলা উপন্যাসে গোষ্ঠীজীবন রূপায়ণের সূত্রে এদের বৈচিত্র্যময় জগতের দ্বার পাঠকের কাছে খুলে যায়। সময়ের সঙ্গে সঙ্গে বিভিন্ন ঔপন্যাসিকের হাত ধরে পাঠকের সেই অচেনা, অজানা জীবনকে জানার পরিসর ক্রমেই বেড়ে চলেছে। এই আদিবাসী জীবনকেই বর্তমান গবেষণাকর্মে তুলে আনতে চেয়েছি, যেখানে তাদের সমাজ, সংস্কৃতি, বিশ্বাস, আর্থিক অবস্থা, তাদের ওপর হওয়া শোষণ ও তাদের প্রতিরোধ প্রভৃতি সবটা মিলিয়েই আদিবাসী জীবনের একটা সামগ্রিক রূপ ধরা পড়ে।

যে সমস্ত দিককে পরিস্ফুট করলে মোটামুটিভাবে এই জীবন সম্পর্কে পরিচ্ছন্ন ও স্পষ্ট ধারণা পাওয়া যাবে, তাকেই ছ'টি অধ্যায়ে ফুটিয়ে তুলতে চেয়েছি। শুরুতে এই সংক্রান্ত একটা ভূমিকা আছে এবং শেষে উপসংহারে পৌঁছেছি। প্রথম অধ্যায় 'ভারতের আদিবাসী : ইতিহাস ও ঐতিহাসিক প্রেক্ষিত'-এ প্রাচীন সাহিত্য থেকে শুরু করে ব্রিটিশযুগ পেরিয়ে স্বাধীন ভারত পর্যন্ত আদিবাসীদের পরিচয় ও

স্বরূপ সন্ধান করেছি। বিভিন্ন সময় শাসক বা রাষ্ট্র কর্তৃক তৈরি হওয়া যে সমস্ত আইন তাদের জীবনে সদর্থক বা নঞর্থক প্রভাব ফেলেছে, সেগুলিও এখানে তুলে ধরা হয়েছে। 'প্রাক্-স্বাধীনতা পর্বের বাংলা সাহিত্য : আদিবাসী প্রসঙ্গ' শীর্ষক দ্বিতীয় অধ্যায়ে স্বাধীনতা পূর্ববর্তী বাংলা সাহিত্যের বিভিন্ন ধারায় আদিবাসী জীবনের যে বিচ্ছিন্ন ও টুকরো নির্মাণ ঘটেছিল, তাকে তুলে ধরা হয়েছে এবং উপন্যাসে এই স্বতন্ত্রধারার আয়োজন ও নির্মাণের প্রেক্ষাপটকে অনুসন্ধান করা হয়েছে।

তৃতীয় অধ্যায় 'স্বাধীনতা-উত্তর বাংলা উপন্যাস : আদিবাসী জনগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবন'-এ ঔপন্যাসিকের প্রত্যক্ষ অভিজ্ঞতা বা গবেষণালব্ধ জ্ঞানের ভিত্তিতে নির্মিত উপন্যাসদেহে উঠে আসা আসিবাসীদের সমাজ-সংস্কৃতির পরিচয়কে বিশ্লেষণের মাধ্যমে তাদের সামাজিক ও সাংস্কৃতিক জীবনের সামগ্রিক রূপ তুলে ধরতে চেয়েছি। চতুর্থ অধ্যায় 'স্বাধীনতা-উত্তর বাংলা উপন্যাস : আদিবাসী সম্প্রদায়ের আর্থ-জীবন – অভিঘাত ও পালাবদল'-এ নিরন্তর অভিঘাতে আদিবাসীদের আর্থ-জীবন ও সেই জীবনের ওপর নেমে আসা সংকটকেই তুলে ধরেছি।

আর্থিক, সামাজিক ও রাজনৈতিক শোষণের বিরুদ্ধে আদিবাসীদের যে প্রতিবাদ ইতিহাসের সত্য, তার পেছনে সেই শোষণ, বঞ্চনার কারণ ও প্রতিবাদের স্বরূপকে বুঝতে চেষ্টা করেছি 'স্বাধীনতা-উত্তর বাংলা উপন্যাসে আদিবাসী আন্দোলন ও অন্যান্য আন্দোলনে আদিবাসী সমাজ' অধ্যায়ে। ষষ্ঠ অধ্যায় 'উচ্চবর্গের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও আদিবাসী জীবন'-এ আছে শোষণের সূত্র ধরে আদিবাসীদের প্রতি উচ্চবর্গের মানসিকতার স্বরূপ সন্ধান। 'উপসংহার'-এ বাংলা উপন্যাসে আদিবাসী জীবনের যেটুকু দিক আলোচনায় উঠে এল এবং যা বাকি থেকে গেল - তার প্রতি ইঙ্গিত করেছি। সঙ্গে সঙ্গে আরও নতুন

যে দিকগুলো উপন্যাসে ক্রমাগত উঠে আসছে, তাতে ভবিষ্যতে এই কেন্দ্রিক গবেষণার সুযোগ আরও থাকছে বলে মনে করেছি।

Baishakhi Kundu 15/6/21

গবেষকের স্বাক্ষর

15.06.2021

গবেষণা নির্দেশকের স্বাক্ষর

Uttamkumar Biswas
Assistant Professor
Department of Bengali
Presidency University
Kolkata - 700073

List of Published Paper and Patents out of the Research work

"স্বাধীনতা- উত্তর বাংলা উপন্যাসে আদিবাসী জীবন – সমাজ – সংস্কৃতি (১৯৪৭-২০০০)" শিরোনামের গবেষণা কাজটি করার সময়কালে এইসংক্রান্ত আমার যে যে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছে, তা হল-

১। উদ্যোগ পর্ব' : এক বিশেষ সময়ের ইতিবৃত্তে ওঁরাও জীবন

প্রকাশ স্থান- "এবং মহুয়া" পত্রিকা, ২২তম বর্ষ, ১২৫ সংখ্যা, প্রকাশকাল- অক্টোবর, ২০২০, পৃষ্ঠা- ২৮২-২৮৬

২। গোক্ষুর ভক্তা : তস্করের জীবন থেকে উত্তরণের এক লড়াইয়ের নাম

প্রকাশ স্থান- "তবুএকলব্য" পত্রিকা, ২৫ বর্ষ ৪০ সংখ্যায়, প্রকাশকাল- ২০২০, পৃষ্ঠা- ১৮১-১৮৬

এই গবেষণাকর্মের মধ্যে দিয়ে পেয়েছি বাংলা উপন্যাসে উঠে আসা আমাদের দেশের আদিবাসী সম্প্রদায়ের সামাজিক-সাংস্কৃতিক ইতিহাস, আর্থ-সামাজিক সংকট, শোষণ ও তার বিরুদ্ধে প্রতিবাদের বাস্তবতাকে- যার বিশ্লেষণ আসলে বাংলা সাহিত্যচর্চায় দীর্ঘদিনের উপেক্ষিত ভারতের জনজাতির জীবন ও সংগ্রামের সামগ্রিক চিত্রই ফুটে ওঠে। আদিবাসী গোষ্ঠীজীবনের এই ছবি যেমন তাদের সাংস্কৃতিক ঐশ্বর্য-এর প্রতি পাঠকের আকর্ষণ তৈরি করে, তেমনই তাদের সংকট ও জীবনের ওপর নেমে আসা অভিঘাতের সচেতন বার্তা দেয়। ফলে, দেখেছি এই কেন্দ্রিক উপন্যাসগুলো নির্মাণ করেছে এই দেশের অনালোকিত গোষ্ঠীজীবন উন্মোচনের এক স্বতন্ত্র ধারা।

সূচিপত্র

ভূমিকা : ১১-২১

প্রথম অধ্যায় : ২২-৪৫

ভারতের আদিবাসী : ইতিহাস ও ঐতিহাসিক প্রেক্ষিত

দ্বিতীয় অধ্যায় : ৪৬-৭৮

প্রাক্-স্বাধীনতা পর্বের বাংলা সাহিত্য : আদিবাসী প্রসঙ্গ

তৃতীয় অধ্যায় : ৭৯-১৮০

স্বাধীনতা-উত্তর বাংলা উপন্যাস : আদিবাসী জনগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবন

চতুর্থ অধ্যায় : ১৮১-২৪৩

স্বাধীনতা-উত্তর বাংলা উপন্যাস : আদিবাসী সম্প্রদায়ের আর্থ-জীবন – অভিঘাত ও পালাবদল

পঞ্চম অধ্যায় : ২৪৪-৩৫২

স্বাধীনতা-উত্তর বাংলা উপন্যাসে আদিবাসী আন্দোলন ও অন্যান্য আন্দোলনে আদিবাসী সমাজ

ষষ্ঠ অধ্যায় : ৩৫৩-৪১৯

উচ্চবর্গের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও আদিবাসী জীবন

উপসংহার : ৪২০-৪২৫

গ্রন্থপঞ্জি : ৪২৬-৪৪৮

পরিশিষ্ট